মেহেরপুর কলেজ শাখা ছাত্রলীগের প্রেস রিলিজ

মেহেরপুর বড়বাজারে (কাঁচা বাজার) করোনা মোকাকেলায় গণসচেতনা মূলক জনসমাগম এলাকায় মেহেরপুর কলেজ শাখার সৌজন্যে
হাত ধোঁয়ার একটি পানির ট্যাংক অস্থায়ীভাবে স্থাপন করা নিয়ে মেয়রে সাথে কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফের সাথে বাকবিতন্ডা সৃষ্টি হয়।

তার পরিপ্রেক্ষিতে মেহেরপুর কলেজ শাখা ছাত্রলীগের পক্ষ থেকে সভাপতি আদিব হোসেন আসিফ ও সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন আহমেদ স্বাক্ষরিত এক প্রেস রিলিজ দেওয়া হয়।

প্রেস রিলিজে তারা বলেন, বিশ্বব্যাপি আতংকের নাম হচ্ছে করোনা ভাইরাস, আর এই করোনা ভাইরাসের প্রথম করনীয় হাতকে পরিস্কার এবং জীবানু মুক্ত করার হীন মানসিকতা দেখিয়েছেন এবং ট্যাংক অপসারণ করার যে অপচেষ্টা করেছেন, তার তীব্র
প্রতিবাদ করছি । মেয়র বলেছেন , আমরা নাকি পরিবেশ নষ্ট করছি, এখন আপনাদের কাছে প্রশ্ন ভাইরাসকে মোকাবেলায় রাস্তায় আগত জনগনের জন্য কলেজ ছাত্রলীগের এই উদ্যোগটা কি খারাপ? এত বড় বাজারে জনগণের হাতকে সুরক্ষা রাখতে আপনি কি ব্যাবস্থা রেখেছেন, এই প্রশ্ন করলে মেয়র বলেন, আমাকে কেউ বলেনি তখন উপস্থিত সকলে বলেন মেয়রকে তাহলে এই সংকটময়
পরিস্থিতিতে আপনার করনীয় কি? সদুত্তর দিতে না পেরে মেয়রের এই ধরনের আচরণে আমরা কলেজ ছাত্রলীগ এর তীব্র প্রতিবাদ করছি।

প্রতি উপজেলার দুজনের নমুনা পরীক্ষার নির্দেশ

[redacted]

[redacted]

[redacted]

[

তিনি বলেন, করোনার ঝুঁকি এড়াতে এবং নিজেদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রধানমন্ত্রী এমন নির্দেশনা দিয়েছেন।

সুত্র-যুগান্তর

কুষ্টিয়ার কুমারখালীতে আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষ, দুই ভাই নিহত

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার চাপড়া ইউনিয়নের পাহাড়পুরে আওয়ামী লীগ সমর্থক দুইদল গ্রামবাসীর মধ্যে সংঘর্ষে মেহেদ আলী (৬০) ও গোকুল আলী (৫০) নামে দুই সহোদর নিহত হয়েছেন।

ক্রিকেট খেলাকে কেন্দ্র করে পুর্ব বিরোধের জের ধরে মঙ্গলবার রাত ৮ টার দিকে সালিশী বৈঠক শেষে এই সংঘর্ষ বাধে। এ ঘটনায় আরো ৫ জন আহত হয়েছেন বলে জানা গেছে। আহতদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হয়েছে।

পুলিশ ও স্থানীয়রা জানান, গত সোমবার পাহাড়পুর ঈদগা মাঠে অনুষ্ঠিত ক্রিকেট খেলায় দুই পক্ষের মধ্যে হাতাহাতি হয়। গতকাল সন্ধ্যার পর স্থানীয় বাধবাজার পুলিশ ক্যাম্পে এ বিষয়ে সালিশী বৈঠক হয়।

বৈঠক শেষে বাধবাজারে এসে ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাকের সমর্থিত লোকজন ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি ফিরোজুর রহমান কটার অফিসের সামনে এসে তাকে বকা-বাধ্য করে। এতে উভয় পক্ষের মধ্যে হাতাহাতি হয় এবং এক পর্যায়ে তা

সংঘর্ষে রূপ নেয়। নিহত দুজন কটার সমর্থক।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহাঙ্গীর আলম জানান, বর্তমানে পরিস্থিতি শান্ত করতে সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

পকেট খরচের টাকা বাঁচিয়ে কর্মহীণদের পাশে গাংনীর ছাত্রলীগ

সারাদেশে ছাত্রলীগ যখন নানা বির্তকে ঠিক তখনী মেহেরপুরের গাংনী উপজেলায় ব্যত্রিকমী এক উদ্দ্যোগে সুনাম অর্জন করলেন গাংনীর ছাত্রলীগ। করোনার কারনে কর্মহীন অসহায় মানুষের পাশে দারালেন নিজেদের পকেট খরচের টাকা দিয়ে। নিজেদের অর্থদিয়ে মানুষের পাশে দারিয়ে দৃষ্টান্ত স্থাপন করায় অনেকে বাহবা দিয়েছেন গাংনী পৌর ছাত্রলীগকে।

গতকাল মঙ্গলবার বিকেলে গাংনী কাথূলী মোড়ে আনুষ্ঠানিক প্রধান অতিথি হিসেবে থেকে এ খাদ্য দ্রব্য বিতরন অনুষ্ঠানের উদ্বোধন করেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

অনুষ্ঠানে গাংনী পৌর ছাত্রলীগের সভাপতি উদ্দ্যোক্তা ইমরান হাবিবের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, এসময় সহযোগিতা করেন গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুসহ বিভিন্ন ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি এম এ খালেক বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিদের্শনায় আমরা গাংনী উপজেলা দুই হাজার পরিবারের খাদ্যের দায়িত্ব নিয়েছি। কিন্তু তার আগেই আমাদের অঙ্গ সংগঠন

গাংনী পৌরছাত্রলীগের আয়োজনে এ খাদ্য দ্রব্য বিতরন আমাকে মনে করিয়ে দিয়েছে ছাত্রলীগের সেই অতীত ইতিহাসকে। অতীতে ছাত্রলীগ বিভিন্ন সময়ে মানুষের পাশে দারিয়েছে। আবারো আমরা গাংনীতে সেই গৌরবউজ্জল ছাত্রলীগ পেয়েছি। আমি গাংনী পৌর ছাত্রলীগকে কথা দিচ্ছি তারা যে ধরনের সহযোগিতা আমার কাছে চাইবে আমি তাদের সেই ধরনের সহযোগিতা দেব। তাছাড়াও পৌরছাত্রলীগের এমন কর্মকান্ড আগামীতে তাদের আরো ভালো নেতৃত্বে পেতে সহযোগিতা করা হবে।

এসময় পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিব বলেন, কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের নিদের্শনায় মোতাবেক আমরা নিজেদের পকেট খরচের টাকা বাচিয়ে পৌর এলাকার ২র্শ কর্মহীণ পরিবারের মাঝে এ খাদ্য সামগ্রী বিতরন করা হয়।

নববর্ষের সব অনুষ্ঠান বন্ধ: প্রধানমন্ত্রী

প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণের কারণে নববর্ষের সব অনুষ্ঠান বন্ধ রাখার অনুরোধ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

একই সঙ্গে করোনা পরিস্থিতিতে সরকারের ঘোষণা করা ছুটির মেয়াদ সীমিত আকারে বাড়ানোর ঘোষণাও দিয়েছেন প্রধানমন্ত্রী।

মঙ্গলবার সকালে দেশের ৬৪ জেলার জেলা প্রশাসকদের সঙ্গে আয়োজিত ভিডিও কনফারেন্সে এ ঘোষণা দেন তিনি।

আজ সকাল ১০টায় এ ভিডিও কনফারেন্স শুরু হয়। প্রধানমন্ত্রী তার সরকারি বাসভবন গণভবন থেকে কনফারেন্সে যোগ দিয়েছেন।

করোনাভাইরাস মোকাবেলায় আগামী ৪ এপ্রিল পর্যন্ত সরকারি-বেসরকারি অফিসে টানা ১০ দিনের ছুটি চলছে।

ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রী নববর্ষের সব অনুষ্ঠান বন্ধ রাখার অনুরোধ জানান। তিনি বলেন, নববর্ষের অনুষ্ঠান আমরাই শুরুকরেছিলাম। কিন্তু তাও আমাদের বন্ধ রাখতে হচ্ছে। মানুষের

কল্যাণেই এ অনুষ্ঠান না করার অনুরোধ আপনাদের।

ভিডিও কনফারেন্সে জেলা প্রশাসকরা তাদের নিজ নিজ জেলার প্রস্তুতির অবস্থা প্রধানমন্ত্রীকে জানান। তাদের কথার সূত্র ধরে প্রধানমন্ত্রী বিভিন্ন পরামর্শ দেন।

তিনি বলেন, আমরা ছুটি দিয়েছিলাম, হয়তো আমাদের আরও কয়েকদিন একটু বাড়াতে হতে পারে। কারণ যারা অনেকে গ্রামে চলে গেছেন, সেখানে কোনো রকম আবার এই রোগের প্রার্দুভাব দেখা না দেয়, সেই সময়টা হিসেব করে। আমরা ১০/ ১২ দিনের ছুটি দিয়েছিলাম। এটা ১৪ দিন পর্যন্ত হতে পারে।

প্রধানমন্ত্রী বলেন, আমাদের ২৬ মার্চ ছুটি থেকে ছিল। কোয়ারেন্টিন কত তারিখ পর্যন্ত হবে? ৯ তারিখ পর্যন্ত। তাহলে বোধহয় আমাদের এই ছুটিটা সীমিত আকারে বাড়াতে হবে।

প্রসঙ্গত সরকারর রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) দেয়া সর্বশেষ তথ্য অনুসারে, এ পর্যন্ত দেশে ৪৯ জন

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। মারা গেছেন পাঁচজন। মোট এক হাজার ৩৩৮ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে।

করোনা নিয়ে ৬৪ জেলায় প্রধানমন্ত্রীর ভিডিও কনফারেন্স কাল

করোনাভাইরাস বিস্তার রোধে চলমান কার্যক্রম সমন্বয় করতে আগামীকাল মঙ্গলবার দেশের ৬৪ জেলার সরকারি কর্মকর্তাদের সঙ্গে ভিডিও কনফারেন্স করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম গণমাধ্যমকে জানান, প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে সকাল ১০টায় এই ভিডিও

কনফারেন্স শুরু হবে। ৬৪টি জেলার কর্মকর্তারা এই ভিডিও কনফারেন্সের সঙ্গে সংযুক্ত হবেন। খবর বাসসের।

সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ এবং গবেষণা ইন্সটিটিউটের (আইইডিসিআর) তথ্য অনুযায়ী দেশে এ পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৪৯ জনে। এদের মধ্যে গত ২৪ ঘণ্টায় নতুন ১ জন আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে।

আইইডিসিআরের পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা সোমবার এক প্রেস ব্রিফিংয়ে বলেছেন, গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে নতুন ১ জন আক্রান্ত রোগী শনাক্ত হয়েছেন। এতে এ পর্যন্ত মোট আক্রান্ত রোগীর সংখ্যা হল ৪৯ জন।

মেহেরপুরে করোনা প্রতিরোধ কমিটির কার্যক্রম নিয়ে সাবেক এমপি জয়নালের উদ্বেগ

মেহেরপুরে করোনা প্রতিরোধ কমিটির কার্যক্রম নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন সাবেক এমপি ও জেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি জয়নাল আবেদীন।

তিনি রবিবার রাতে মেহেরপুর প্রতিদিনকে দেওয়া এক বিবৃতিতে তিনি উদ্বেগ প্রকাশ করেন। একই সঙ্গে তিনি তাঁর ফেসবুক ওয়ালেও স্ট্যাটাস দিয়েছেন। যা হুবুহু প্রকাশ করা হলো।

“প্রিয় মেহেরপুরবাসী, আসসালামু আলাইকুম।
আশা করি পরম করুণাময় আল্লাহর অশেষ রহমতে সুস্থ থাকলেও আমার মনে হয় করোনার প্রভাবে কিছুটা মানসিক দুর্দশাগ্রস্ত ও অস্বস্তিতে ভুগছেন।

দীর্ঘদিন পরে আজ আপনাদের সামনে উপস্থিত হয়েছি দুটি জরুরি কথা বলার জন্য। ইতিমধ্যে আপনারা অবগত হয়েছেন যে, ১৭ নভেম্বর ২০১৯ তারিখ চীনের উহান, হুবেই (Wuhan, Hubei) প্রদেশে ‘করোনা ভাইরাস’

নামক রোগে আক্রান্ত হয়েছে, মৃত্যুবরণও করেছে। তখন গোটা বিশ্ব এটাকে ততটা আমলে নেয়নি।

ঠিক এর ৭৩ দিন পর জাতি সংঘের সহযোগী সংস্থা যার প্রধান কার্যালয় জেনেভা থেকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ৩১ জানুয়ারি ২০২০ করোনা ভাইরাস সম্পর্কে বিশ্ববাসীকে সতর্ক করলেন এই বলে যে, চীন ছাড়াও এই ভাইরাসটি পর্যায়ক্রমে বিশ্বের অন্যান্য দেশে সংক্রামিত হতে পারে।

২০২০ সালের মার্চ মাসে বাংলাদেশে আমরা প্রথম করোনার প্রাদুর্ভাব দেখতে পেলাম। ১৮ মার্চ প্রথম আমরা জানতে পারলাম এই করোনা ভাইরাসে ১৪ জন সংক্রামিত হয় ও ৭০ বছর বয়সী একজন বৃদ্ধ মৃত্যুবরণ করে।

ইতোমধ্যে বাংলাদেশ এই ভাইরাসে ৪৮ জন আক্রান্ত হয়েছে এবং মৃত্যুবরণ করেছে ৫ জন। তারপর থেকে অদ্যাবধি করোনা সংক্রান্ত তথ্য অনেকেরই জানা। সরকার ২৪ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত সরকারি, আধা সরকারি ও বেসরকারিসহ সমস্ত প্রতিষ্ঠানে সাধারণ ছুটি ঘোষণা করেছেন। ‘নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি’ বাদে গণপরিবহন, ব্যবসা প্রতিষ্ঠানসহ সমস্ত দোকানপাট বন্ধ রয়েছে।

এমতাবস্থায় মেহেরপুরের সাধারণ দিনমজুর, শ্রমিক থেকে শুরু করে হতদরিদ্র মানুষ খুব কষ্টের মধ্যে দিনাতিপাত করছে। ইতোমধ্যে সরকার এইসমস্ত মানুষের জন্য সাহায্য, সহযোগিতার আশ্বাসও দিয়েছেন।

আমি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে জানতে পেরেছি এই দুর্যোগ মোকাবিলার জন্য ইউনিয়ন, পৌরসভা, উপজেলা ও জেলা পর্যায়ে জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও স্থানীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ নিয়ে কমিটি গঠন করা হয়েছে। তবে এই কমিটিগুলোর দৃশ্যমান কোন তৎপরতা এপর্যন্ত পরিলক্ষিত হয়নি।

যেহেতু আমি মেহেরপুর-১ এক আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামীলীগের সভাপতি ছিলাম সেহেতু গত কয়েকদিন থেকে মেহেরপুরের দূর্দশা ও অভাবগ্রস্ত মানুষ মোবাইল ফোনের মাধ্যমে আমার নিকট জানতে চায় কোথায় গেলে সরকারি সাহায্য সহযোগিতা পাবো।

তবে আশ্চর্যের বিষয় এই যে, আমার পার্টি রাষ্ট্র ক্ষমতায়, আমার নেত্রী মানবতার মা জননেত্রী শেখ হাসিনা প্রধানমন্ত্রী থাকা

সত্বেও আমি সেই সমস্ত বিপদগ্রস্ত মানুষদের কোন তথ্য ও সদুত্তর দিতে পারিনি।

আমার মনে হয় এই মহা দূর্যোগের সময় দুস্ত মানবতার সেবায় জেলা পর্যায়ের সরকারি ব্যবস্থাপনা কমিটি ও অন্যান্য পর্যায়ের কমিটিগুলোর অতি দ্রুত মাইকিং ও কেবল নেটওয়ার্ক এর মাধ্যমে জনগণকে অবহিত করা অত্যন্ত জরুরি বলে আমি মনে করি।

সবাই সুস্থ থাকুন, সচেতন থাকুন।
আপনাদের দোয়া ও আশীর্বাদ কামনা করি।”

মতলববাজ, গুজব সৃষ্টিকারীদের প্রশাসনের হাতে তুল দিন: কাদের

করোনাভাইরাস নিয়ে কোনো ধরণের গুজবে কান না দেয়ার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

তিনি বলেছেন, মতলববাজ, গুজব সৃষ্টিকারীদের চিহ্নিত করে প্রশাসনকে অবহিত করুন। এই ধরনের গুজব শুধুমাত্র আমাদের সংকটকে আরও ঘনীভূত করবে।

শুক্রবার ভিডিও বার্তায় এক ব্রিফিংয়ে একথা বলেন তিনি।

সরকারের প্রভাবশালী এই মন্ত্রী বলেন, আপনারা কোনো ধরণের গুজবে কান দেবেন না। সঠিক তথ্যের জন্য প্রচলিত গণমাধ্যম তথা টেলিভিশন-রেডিও-সংবাদপত্রের মাধ্যমে প্রচারিত সরকারি নির্দেশনা মেনে চলুন। প্রয়োজনে সরকার নির্দেশিত হটলাইন নম্বরে যোগাযোগ করুন।

দেশে করোনাভাইরাস পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে দাবি করে তিনি বলেন, মানবসভ্যতা আজ এক সংকটের মুখোমুখি। সারা বিশ্ব আজ প্রাণঘাতী নভেল করোনাভাইরাসে আতঙ্কিত। প্রতিদিন মানুষ প্রাণ হারাচ্ছে। পরম করুণাময়ের অসীম কৃপায় বাংলাদেশের সার্বিক পরিস্থিতি তুলনামূলকভাবে এখনও নিয়ন্ত্রণে রয়েছে।

করোনাভাইরাস শনাক্তের কিট ও সরঞ্জামাদি দেয়ায় চীনকে ধন্যবাদ দিয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, ইতোমধ্যেই আমাদের প্রতিবেশী রাষ্ট্র ভারত ও চীন বাংলাদেশের মানুষের পাশে এসে দাঁড়িয়েছে। করোনাভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসাসামগ্রী বিশেষ বিমানযোগে ঢাকায় এসে পৌঁছেছে এবং আগামী কয়েকদিনের মধ্যে চীন থেকে আরও চিকিৎসাসামগ্রী বাংলাদেশে পৌঁছাবে। আমরা তাদেরকে ধন্যবাদ জানাই এই দু:সময়ে পাশে দাঁড়ানোর জন্য।

অসহায় মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়ে তিনি বলেন, আমি বিশ্বের এই সংকটকালীন মূহূর্তে সমাজের ধনী ও বিত্তবানদের প্রতি আমাদের চারপাশে খেটে খাওয়া দিনমজুর-অসহায় মানুষের পাশে সহযোগিতার হাত বাড়ানোর জন্য আহ্বান জানাচ্ছি।

তিনি বলেন, ইতোমধ্যে আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্থানীয় প্রশাসনের মাধ্যমে এ সকল দরিদ্র জনগণের কষ্ট লাঘবের জন্য বিশেষ প্রণোদনা ব্যবস্থা চালু করেছেন এবং তাদের সাহায্য-সহযোগিতা প্রদান অব্যাহত রেখেছেন।

দলীয় নেতাকর্মীদের উদ্দেশে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, আমি আওয়ামী লীগের সব নেতাকর্মী, বিশেষ করে স্থানীয় জনপ্রতিনিধিদের জনগণের পাশে দাঁড়ানোর জন্য আহ্বান জানাচ্ছি।

সুত্র-যুগান্তর

২৫ মার্চ জাতির উদ্দেশে ভাষণ

দেবেন প্রধানমন্ত্রী

প্রাণঘাতী করোনাভাইরাসের প্রাদুর্ভাব নিয়ে উদ্বেগ-উৎকণ্ঠার মাঝে দেশবাসীর উদ্দেশে দিক নির্দেশনামূলক ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বুধবার সন্ধ্যায় জাতির উদ্দেশে এ ভাষণ দেবেন তিনি।

সোমবার সচিবালয়ে এক ব্রিফিংয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ কথা জানান।

তিনি বলেন, প্রধানমন্ত্রীর প্রতি বিশ্বাস রাখুন। উদ্ভূত পরিস্থিতিতে যখন যেটা করতে হবে প্রধানমন্ত্রী সে সম্পর্কে জাতির উদ্দেশে দেয়া ভাষণে দিক নির্দেশনা দেবেন। ২৫ মার্চ তিনি এই ভাষণ দেবেন।

প্রধানমন্ত্রীর ভাষণ বাংলাদেশ টেলিভিশন ও বেতার থেকে সরাসরি সম্প্রচার করা হবে।

ধারণা করা হচ্ছে করোনাভাইরাসের সংক্রমণে সরকারের নেয়া পদক্ষেপ ও প্রয়োজনীয় প্রস্তুতি তুলে ধরে দেশবাসীকে উদ্বিগ্ন না হতে আশস্ত করবেন বঙ্গবন্ধুকন্যা। এই মুহূর্তে কী কী সতর্কতা অবলম্বন করতে হবে সে বিষয়েও তিনি কথা বলবেন।

সুত্র-যুগান্তর

স্বাধীনতা দিবসে আ’লীগের সব অনুষ্ঠান বাতিল

প্রাণঘাতী করোনাভাইরাসের কারণে আগামী ২৬ মার্চ স্বাধীনতা দিবসের সব অনুষ্ঠান বাতিল করেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ।

সোমবার বেলা সাড়ে ১১টার দিকে সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে দলের

সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানান।

ওবায়দুল কাদের বলেন, বৈশ্বিক মহামারী করোনাভাইরাসের কারণে আওয়ামী লীগের কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত ২৬ মার্চ স্বাধীনতা দিবসের সব অনুষ্ঠান বাতিল ঘোষণা করা হয়েছে।

তিনি বলেন, দেশে বর্তমানে কোনো প্রকার খাদ্য সংকট নেই। অহেতুক মজুদকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, জনপ্রতিনিধিরা করোনাভাইরাসে স্থানীয়দের সতর্ক করুন। কারও করোনাভাইরাসের উপসর্গ দেখা দিলে সঙ্গে সঙ্গে আমাদের জানান।

সুত্র-যুগান্তর